# সৌন্দর্য প্রদর্শন ও বেপর্দা প্রসঙ্গে মুমিন নারীদের জন্য কতিপয় নির্দেশনা

বিভাগ/অধ্যায়ঃ সৌন্দর্য প্রদর্শন ও বেপর্দা প্রসঙ্গে মুমিন নারীদের জন্য কতিপয় নির্দেশনা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রথম অংশ

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য; আমরা তাঁর প্রশংসা করি, তাঁর নিকট সাহায্য প্রার্থনা করি, তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করি এবং তাঁর নিকট তাওবা করি। আর আমাদের নফসের জন্য ক্ষতিকর এমন সকল খারাপি এবং আমাদের সকল প্রকার মন্দ আমল থেকে আল্লাহর নিকট আশ্রয় চাই। আল্লাহ যাকে পথ প্রদর্শন করেন, কেউ তাকে পথভ্রষ্ট করতে পারে না, আর তিনি যাকে পথহারা করেন, কেউ তাকে পথ দেখাতে পারবে না। আর আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, তিনি একক, তাঁর কোনো শরীক নেই এবং আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও রাসূল। তাঁকে আল্লাহ তা‘আলা কিয়ামত পূর্ববর্তী সময়ের মাঝে পাঠিয়েছেন সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে এবং আল্লাহর অনুমতিক্রমে তাঁর দিকে আহ্বানকারী ও উজ্জ্বল প্রদীপরূপে। অতঃপর তিনি রিসালাত তথা বার্তা (Message) পৌঁছে দিয়েছেন, আমানত যথাযথভাবে আদায় করেছেন, উম্মতের কল্যাণ কামনায় উপদেশ দিয়েছেন এবং মৃত্যু আসার পূর্ব পর্যন্ত আল্লাহর পথে যথাযথভাবে জিহাদ করেছেন। সুতরাং তাঁর ওপর এবং তাঁর পরিবার-পরিজন ও সাহাবীগণের ওপর এবং কিয়ামতের দিন পর্যন্ত যারা তাঁদেরকে যথাযথভাবে অনুসরণ করবে, তাদের ওপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হউক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10107

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন